# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.


নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮৮৫/২০২০/১০৬৭ তারিখঃ ডিসেম্বর ০৬, ২০২৩

Holy City Securities Limited
(CSE TREC # 093)
Sylhet City Center (6th Floor)
Zindabazar, Sylhet-3100.

বিষয়: আদেশ।

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮৮৫/২০২০/১০৬৬ তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৩ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

06-12-2023
রুবেল হোসেন
সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)
ই-মেইল- rubel@sec.gov.bd

অবগতির জন্য অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, এমআইএডি, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, আইসিটিডি, বিএসইসি
৩। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিএসই।
৫। অফিস কপি।

# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.


নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮৮৫/২০২০/১০৬৬ তারিখঃ ডিসেম্বর ৬, ২০২৩

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর পরিদর্শন কমিটি বিএসইসি/এসআরআই/আইএনএস/২০১৮/খন্ড-১/১০৭১ তারিখ ২৯ ডিসেম্বর ২০২০ স্মারকমূলে এবং Regulation 5.1(KA) of Chittagong Stock Exchange (Administration of Trading Right Entitlement Certificate) Regulations, 2020 এর মাধ্যমে Holy City Securities Limited-এ ১৩ থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত পরিদর্শন (Inspection) কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করেছে। পরিদর্শন প্রতিবেদন থেকে অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপিত হয়:

1. It appears from the checking of financial ledgers of some clients, that there is long gap between cheque receipt date in financial ledger and cheque clearing date in the bank statement.

| Client Code | Amount TK. | Cheque Number | Cheque receipt date as per Client Financial Ledger | Clearing date as per bank Statement |
|---|---|---|---|---|
| 19001 | 858,000 | 7875486 | 31.01.2021 | 11.03.2021 |
| | 350,000 | 7875487 | 02.02.2021 | 03.03.2021 |
| | 1,000,000 | 7875494 | 12.04.2021 | 02.06.2021 |
| | 700,000 | 7875498 | 03.05.2021 | 23.05.2021 |
| | 500,00 | 7875499 | 16.05.2021 | 27.05.2021 |
| 19002 | 1,000,000 | 7875484 | 03.01.2021 | 28.01.2021 |
| | 671,500 | 7875486 | 31.01.2021 | 11.03.2021 |
| | 350,000 | 7875487 | 02.02.2021 | 03.03.2021 |

*Whereas, as per rule 6 (3) of the Securities and Exchange Rules, 2020, all money received from and for the customers shall be deposited in the CCA on the day of receipt thereof or on the following day if the deposit cannot be made on the same day due to closure of banking transactions.*

**Holy City violated:**

**Rule 6 (3) of the Securities and Exchange Rules, 2020** by not depositing the client's cheque in CCA duly.

2. Further to the observation no. 02, it appears in the following cases that cash amount received from clients has not been deposited fully in the CCA of HOLY, instead the amount has been used partially for cash payment to other clients. Besides, money receipt has not been issued appropriately against money received from the investors

| Branch | Cash Receipt | | | Cash Payment | | |
|---|---|---|---|---|---|---|
| | Client Code | Money Receipt (MR) Ref./Date | Amount as per Receipt Register (Tk.) | Client Code | Date as per Client Financial Ledger | Amount (Tk.) |
| Madina Market Branch | 2248 | MR-52926/10.01.2022 (MR issued for Tk. 174,000 MR not issued for remaining amount Tk. 126,000) | 3000,000 | 11369 | 10.01.2022 | 45,000 |
| | | | | 2850 | 10.08.2022 | 15,000 |
| | | | | 11225 | 10.01.2022 | 66,000 |
| | 11431 | MR-52902/ 21.12.2021 | 20,000 | 11369 | 21.12.2021 | 15,000 |



Phone (PABX) : +88-02-55007131-2, Fax : +88-02-55007106, E-mail : secbd@bdmail.net, Web : www.sec.gov.bd

Whereas, as per rule 6 (1) of the Securities and Exchange Rules, 2020, all receipts and payments in respect of all transactions, or series of transactions, shall be carried out through account payee cheque, payment order or bank draft, or any other mode of banking channel or systems as approved or recognized by Bangladesh Bank;

As per rule 5 (2) of the Securities and Exchange Rules, 2020, every stock-broker or stock-dealer shall maintain the books of account and other documents in a manner that shall disclose a true, accurate and up to date position of his business.

**Therefore. Holy City violated:**

- **i) Rule 6 (1) of the Securities and Exchange Rules, 2020, and**
- **ii) Rule 5 (2) of the Securities and Exchange Rules, 2020**

**by not depositing the cash amount received from clients fully in the CCA of HOLY, instead using the money partially for cash payment to other clients and by not issuing money receipt appropriately against money received from the investors.**

যেহেতু, উপর্যুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগ কর্তৃক ১২ ডিসেম্বর ২০২২ তারিখ বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮৮৫/২০২০/১৬৩১ স্মারকমূলে Holy City Securities Limited কে ২২ ডিসেম্বর ২০২২ তারিখে কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়। পরবর্তীতে Holy City Securities Limited ০৭ মে ২০২৩ তারিখ শুনানীতে উপস্থিত হয়ে নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

**<u>Explanation of the alleged person submitted at the time of hearing:</u>**

"০১। **BSEC Rule 6(3) 2020,** পরিপালনে আমরা সদাসর্তক। কিন্তু পুজিঁবাজারের মন্দা পরিস্থিতির কারণে অনেক ক্ষেত্রে গ্রাহক সম্পূর্ণ ক্রয়মূল্য শেয়ার বিক্রয় করে সমন্বয় করতে না পারায় গ্রাহক দ্বারা চেকের মাধ্যমে সমন্বয় করা হয়। পরবর্তীতে গ্রাহকের মতামতের ভিত্তিতে বিভিন্ন তারিখে চেকগুলো ক্লিয়ারিং করা হয় যা আইনের পরিপন্থি ছিলো। যারদরুণ শত ইচ্ছা থাকা সত্ত্বেও পুজিঁবাজারের এই মন্দা পরিস্থিতিতে আমরা গ্রাহকের সুবিধার কথা চিন্তা করে অনিচ্ছাকৃত এই সুযোগ দেয়ার জন্য আমরা আন্তরিক ভাবে দুঃখিত। ভবিষ্যতে কোম্পানী এ ধরনের কাজ থেকে বিরত থাকার সর্বোচ্চ চেষ্টা করিবে।

০২। **BSEC Rule 6(1) 2020 এবং Rule 5(2) 2020,** পরিপালনে কোম্পানী বদ্ধপরিকর। গ্রাহকের কাছ থেকে নগদ বা চেক গ্রহণ করার পর BSEC আইন মোতাবেক যথাযথভাবে Money Receipt সমজিয়ে দেয়া হয়। তদুপরি পাওনা পরিশোধের ক্ষেত্রেও গ্রাহক কে BEFTN বা A/C Payee চেকের মাধ্যমে Payment করা হয়। কোম্পানীর মদিনা মার্কেট শাখার Client ID -2248 গত ১০/০১/২০২২ইং তারিখে ০৩ (তিন) লক্ষ টাকা জমা প্রদান করে উক্ত টাকার রশিদ গ্রহণ করেন। ঐদিনই প্রধান শাখায় ১,৭৪,০০০/- টাকা জমা দেয়া হয় এবং অবশিষ্ট ১,২৬,০০০/= অন্য এক গ্রাহকের অনুরোধে বিশেষ প্রয়োজনে (চিকিৎসা সংক্রান্ত) ঐ শাখা থেকে নগদ প্রদান করা হয় যা ঐ গ্রাহক তার পরিচালিত তিনটি বিও হিসাব থেকে ট্রান্সফারের মাধ্যমে সমন্বয় করে দেন। যাহা ছিলো শুধুমাত্র মানবিক প্রয়োজনে। বিষয়টি আমরা CSE Inspection টিমকে Supporting Documents সহ অবগত করি এবং পরবর্তীতে চিঠির মাধ্যমেও CSE কর্তৃপক্ষেকে আবারও বিস্তারিত ভাবে অবহিত করা হয়। এই ক্ষেত্রে কোন গ্রাহকেরই কোন ধরনের আর্থিক ক্ষতি হয়নি তা CSE Inspection টিমও অনুধাবন করতে পেরেছেন বলে আমরা মনেকরি। ঠিক একই ধরনের কারণ ছিল Client ID -11431 ক্ষেত্রে যদিও গ্রাহক কোন ধরনের আর্থিক ক্ষতির সম্মুখিণ হয়নি কিন্তু BSEC আইনের পরিপন্থি বিধায় আমরা আন্তরিক ভাবে দুঃখিত। কোম্পানী এ ধরনের কাজ থেকে ভবিষ্যতে অবশ্যই বিরত থাকিবে।

মহোদয় কোম্পানীর পক্ষ থেকে সবিনয় নিবেদন, পুঁজিবাজারকে সুষ্টভাবে পরিচালনার মাধ্যমে এর সংঙ্গে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে ধ্বংসের হাত থেকে রক্ষা করা। কারণ পুঁজিবাজারে গ্রাহকের পাশাপাশি প্রাইভেট কোম্পানীতেও কর্মরত শত শত কর্মকর্তা-কর্মচারী জড়িত। তাদের বর্তমান অবস্থাও এখন দোদূল্যমান। একমাত্র বিএসইসি হচ্ছে সর্বোচ্চ প্রতিষ্ঠান যে, সম্ভাবনাময় এই খাতকে গর্তের তলানি থেকে উদ্ধার করে আশার প্রদীপ দেখাতে পারে।

বিএসইসির সম্মানিত চেয়ারম্যান পদে আপনি নিযুক্ত হওয়ার পর পুঁজিবাজারে বিভিন্ন ধরণের যোগ-উপযোগী সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। এরফলে অনেকটা আশার আলো দেখা গেলেও গত দীর্ঘ প্রায় এক বৎসর থেকে পুঁজিবাজারটি নাজুক পরিস্থিতির দিকে ধাবিত হচ্ছে। তাই দেশের বৃহত্তম এই বাজারকে ধ্বংসের দ্বারপ্রান্ত থেকে বাঁচাতে আপনার আশু দৃষ্টি কামনা করছি।

হলিসিটি সিকিউরিটিজ লিঃ আজকের এই শুনানির সম্মুখীন মূলত বাজারের এই দূরদশার কারণে গ্রাহককে বাজারমুখী করতে অতীব প্রয়োজনীয় ঐসব সুযোগ সুবিধা প্রদান করায়।



Phone (PABX) : +88-02-55007131-2, Fax : +88-02-55007106, E-mail : secbd@bdmail.net, Web : www.sec.gov.bd

# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh.


অতএব, মহোদয় ভবিষ্যতে কোম্পানী পরিচালনায় BSEC কর্তৃক নির্দেশিত সকল নিয়ম কানুন আরো সতর্কতার সহিত পরিপালনের আশাবাদ ব্যক্ত করছি।"

যেহেতু, Holy City Securities Limited-এর উপর্যুক্ত বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, তাদের বিরুদ্ধে উপস্থাপিত অভিযোগসমূহ সঠিক সেহেতু এক্ষেত্রে Holy City Securities Limited -এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Holy City Securities Limited উপর্যুক্ত কর্মকান্ডের ফলে **Rule 5 (2) and Rule 6 (1) & (3) of the Securities and Exchange Rules, 2020** লংঘন করেছে, যা সিকিউরিটিজ আইনের পরিপন্থী;

যেহেতু, Holy City Securities Limited-এর উপর্যুক্ত কর্মকান্ড Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য Holy City Securities Limited-কে অর্থদন্ড ধার্য্য করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 এ প্রদত্ত ক্ষমতাবলে-

- Holy City Securities Limited-কে ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড ধার্য্য করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

রুমানা ইসলাম

ডঃ রুমানা ইসলাম
কমিশনার

বিতরণ:

১। **Holy City Securities Limited**
(CSE TREC # 093)
Sylhet City Center (6th floor)
Zindabazar, Sylhet-3100.



**Phone (PABX)** : +88-02-55007131-2, **Fax** : +88-02-55007106, **E-mail** : secbd@bdmail.net, **Web** : www.sec.gov.bd